

অনুবিভাগ-৯: ফাবা

২.৯ অনুবিভাগ-৯: বৈদেশিক সাহায্যের বাজেট ও হিসাব (ফাবা) উইং-কে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কেন্দ্রীয় ডাটা ব্যাংক হিসেবে গণ্য করা হয়। ফাবা উইং বৈদেশিক সাহায্য সংক্রান্ত সকল তথ্য রেকর্ড ও সংরক্ষণ এবং সরকারের প্রয়োজন অনুযায়ী রিপোর্ট করে থাকে। অপরদিকে বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাজেট, বৈদেশিক সাহায্য প্রাপ্তির বাজেট, বৈদেশিক ঋণ পরিশোধ বাজেট এবং রিসোর্স বাজেট প্রণয়ন ও বরাদ্দ সম্পর্কিত সকল কার্যক্রম এ অনুবিভাগ হতে পরিচালিত হয়। একই সাথে সরকারের বৈদেশিক ঋণের ব্যবস্থাপনাও ফাবা অনুবিভাগ করে থাকে। এ অনুবিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের প্রধান প্রধান কার্যাদি নিম্নে উপস্থাপন করা হলোঃ

২.৯.১ বৈদেশিক সাহায্যের লক্ষ্যমাত্রা প্রাক্কলন ও বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রমঃ

অঙ্গীকার (Commitment): অঙ্গীকারের লক্ষ্যমাত্রা প্রাক্কলনের জন্য প্রতিবছরের ন্যায় এ বছরও একটি borrowing program তৈরী করা হয়। এ borrowing program-এ বিভিন্ন দাতা সংস্থার নিকট হতে সর্বমোট ৬০০০.০০ মিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক সাহায্য সংগ্রহের অঙ্গীকার(Commitment)-এর প্রাপ্তি প্রাক্কলন (Projection) করা হয়। এ প্রাক্কলন বাস্তবায়নে প্রক্রিয়াধীন বৈদেশিক সাহায্যের প্রস্তাবসমূহ, চুক্তি স্বাক্ষরের সম্ভাবনার ভিত্তিতে দুটি ক্যাটাগরী যথা, অতি সম্ভাবনাময় (highly probable) ও সম্ভাবনাময় (probable) বিভক্ত করে প্রতি মাসে সচিব মহোদয়ের সভাপতিত্বে পর্যালোচনা সভা করা হয়। বৈদেশিক সহায়তায় স্বাক্ষরিত চুক্তিসমূহের তথ্য সংগ্রহ ও ডেট ম্যানেজমেন্ট এন্ড ফাইন্যান্সিয়াল এনালাইসিস সিস্টেম (ডিএমএফএএস)-এ রেকর্ডভুক্ত করা হয়। বর্ণিত অর্থ-বছরে ১১২ টি প্রকল্পে ১৭,৯৬০.০১ মিলিয়ন মার্কিন ডলারের (প্রতিশনাল) চুক্তি স্বাক্ষরিত হয়েছে, যা প্রাক্কলনের শতকরা ২৯৯ ভাগ।

ব্যয়ন (Disbursement): বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রায় ৩৫৫ টি চলমান প্রকল্পের বৈদেশিক সাহায্যের চাহিদা ও পাইপলাইনে ব্যবহারযোগ্য অব্যয়িত বৈদেশিক সাহায্যের সঞ্চিতির তথ্য বিশ্লেষণ করে ২০১৬-১৭ অর্থ-বছরে ব্যয়ন (Disbursement) প্রাক্কলন করা হয়েছিল ৫০৫০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের সাথে বৈদেশিক সাহায্যের বাজেটে ৪১৬৫ মিলিয়ন মার্কিন ডলার প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়। বৈদেশিক সাহায্যের ছাড়ের তথ্য প্রধানতঃ উন্নয়ন সহযোগীদের নিকট হতে সরাসরি সংগ্রহ করা হয় এবং ত্রৈমাসিক ভিত্তিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা হতে তথ্য সংগ্রহ করে যাচাই করা হয়। অর্থ-বছরের শেষে উন্নয়ন সহযোগীদের সাথে বৈদেশিক সাহায্য ছাড়ের তথ্য মিলকরণ (reconcile) করা হয়। আলোচ্য অর্থ-বছরে ডিসবার্সমেন্ট হয়েছে ৩৫৯২ মিলিয়ন মার্কিন ডলার (প্রতিশনাল), যা সংশোধিত প্রাক্কলনের শতকরা ৮৬ ভাগ।

২.৯.২ বার্ষিক উন্নয়ন সম্পর্কিত কার্যক্রমঃ

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং সংশোধিত এডিপিঃ প্রতিটি প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প সাহায্যের চাহিদা সংগ্রহ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও প্রকল্প পরিচালকের সঙ্গে সভা করে বৈদেশিক সাহায্যের প্রতুলতা (availability) বিবেচনায় প্রকল্প ভিত্তিক বরাদ্দ প্রদান করা হয়। বার্ষিক উন্নয়ন কর্মসূচি-তে ১৭ টি সেक्टरের ৩৫৫ টি প্রকল্পে থোকসহ মোট ৪০০০০.০০ কোটি টাকা (৫০০০ মিলিয়ন মার্কিন ডলার) প্রকল্প সাহায্য এবং ৪০০.০০ কোটি টাকা (৫০ মিলিয়ন মার্কিন ডলার) খাদ্য সহায়তা বাবদ বরাদ্দ করা হয়। এ বরাদ্দ প্রকল্প বাস্তবায়নকারী ৫৩ টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে প্রদান করা হয়। প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প সাহায্যের চাহিদা হ্রাস পাওয়ায় সংশোধিত এডিপি-তে প্রকল্প সাহায্যের বরাদ্দ হ্রাস করে ৩৩,০০০.০০ কোটি টাকা (৪১২৫ মিলিয়ন মার্কিন ডলার) এবং খাদ্য সহায়তা ৩২০.০০ কোটি টাকা (৪০ মিলিয়ন মার্কিন ডলার) নির্ধারণ করা হয়।

এডিপি-তে অন্তর্ভুক্ত প্রকল্পে বরাদ্দকৃত বৈদেশিক সাহায্যের ব্যবহার পর্যালোচনাঃ এডিপি অপেক্ষা সংশোধিত এডিপি-তে প্রায় প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প সাহায্যের চাহিদা হ্রাস পাওয়ায় সংশোধিত এডিপি-তে প্রকল্প সাহায্যের বরাদ্দ হ্রাস করতে হয়। ২০১৬-১৭ অর্থ-বছরের সংশোধিত এডিপি প্রণয়নকালে যে সকল প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সাহায্যের চাহিদা এডিপি-তে বরাদ্দের তুলনায় ৫০% বা তার বেশী হ্রাস পেয়েছিল সে সকল প্রকল্পের বাস্তবায়ন সমস্যা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে সংগ্রহপূর্বক বিশ্লেষণ করা হয়। বিশ্লেষণের প্রাপ্ত ফলাফলে প্রকল্প বাস্তবায়নের প্রধান প্রধান কারণসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়।

২.৯.৩ বৈদেশিক ঋণের ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যাবলীঃ

বৈদেশিক ঋণ পরিশোধ সংক্রান্ত কার্যাবলীঃ ২০১৬-১৭ অর্থ-বছরের সংশোধিত বাজেটে বৈদেশিক ঋণের আসল ও সুদ পরিশোধের জন্য যথাক্রমে ৭৪৪০.০০ ও ১৮৪০.০০ কোটি (সর্বমোট ৯২৮০.০০ কোটি টাকা) যা ৯৩০.০০ ও ২৩০.০০ (সর্বমোট ১১৬০.০০) মিলিয়ন মার্কিন ডলারের সমান বাজেটে বরাদ্দ করা হয়। এই বরাদ্দের বিপরীতে আসল বাবদ ৭৩৫৭.৮১ কোটি ও সুদ বাবদ ১৮৬১.১২ মো ৯২১৮.৯৩ কোটি টাকা পরিশোধ করা হয়েছে যা যথাক্রমে ৯১৩.৩৩ ও ২৩১.০২ (সর্বমোট ১১৪৪.৩৬) মিলিয়ন মার্কিন ডলার এর সমান।

ঋণের হিসাব সংরক্ষণঃ ফাৰা ১৯৯২ সাল হতে আঙ্কটাড (UNCTAD) এর Debt Management and Financial Analysis System (DMFAS) শীর্ষক সফটওয়্যার ব্যবহার করে আসছে। এ অনুবিভাগ হতে সিস্টেমটিতে সকল বৈদেশিক ঋণের প্রয়োজনীয় তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। এর ফলে বৈদেশিক ঋণ সংক্রান্ত হালনাগাদ তথ্য এবং ভবিষ্যৎ প্রক্ষেপণ সহজেই পাওয়া যায়। ফলে বৈদেশিক ঋণের ধারণক্ষমতার (debt sustainability) স্থিতি বিচার-বিশ্লেষণ করা সহজতর হয়।

২.৯.৪ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যাবলীঃ

তথ্য প্রতিবেদন তৈরী ও সরবরাহঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ-এর জন্য বৈদেশিক সাহায্যের তথ্য প্রতিবেদন তৈরী ও প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, অর্থ বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সঙ্গে নিয়মিত তথ্য বিনিময় করা হয়। রিসোর্স কমিটি, বাজেট প্রণয়নের প্রক্রিয়া ও নীতিগত বিষয়সমূহের উপর মতবিনিময় সভা, ক্যাশ এন্ড ডেট ম্যানেজমেন্ট কমিটির সভা, পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা, সরকারের আর্থিক মুদ্রা ও মুদ্রা বিনিময় হার সংক্রান্ত কো-অর্ডিনেশন কাউন্সিল এবং বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি সভাসমূহে ইআরডি প্রতিনিধিত্ব করা।

জাতীয় বাজেট প্রণয়নঃ জাতীয় বাজেট প্রণয়ন কর্মক্রমের অংশ হিসেবে বৈদেশিক সাহায্যের বাজেট প্রাক্কলন ও উন্নয়ন বাজেটে প্রকল্প সাহায্যের বরাদ্দ এবং তা সংশোধন করে থাকে। এ ছাড়া এ অনুবিভাগ বৈদেশিক ঋণ পরিশোধ বাজেট ও রিসোর্স বাজেট প্রণয়ন করে থাকে।

জাতীয় সংসদে তথ্য প্রেরণঃ জাতীয় সংসদ অধিবেশন চলাকালীন সংসদে উত্থাপিত প্রশ্নের জবাব, জাতীয় সংসদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটি-এর বৈদেশিক সাহায্য সংক্রান্ত সভার জন্য তথ্য সরবরাহ।

উন্নয়ন সহযোগীদের সঙ্গে তথ্য বিনিময়ঃ বিভিন্ন উন্নয়ন সহযোগীদের সঙ্গে ওয়েব সাইটের জন্য বৈদেশিক সহায়তা সংক্রান্ত তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে আদান প্রদান করা।

বিভিন্ন বৈদেশিক মিশনের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়ঃ বিশ্ব ব্যাংক, আইএমএফ সহ অন্যান্য সংস্থার মিশনের প্রতিনিধিদের সঙ্গে বৈদেশিক সহায়তার সার্বিক অবস্থা সম্পর্কে মত বিনিময় করা।

বাংলাদেশের ঋণ মান নির্ধারণঃ ঋণমান নির্ণয়কারী (credit rating) প্রতিষ্ঠান যথাঃ Moody's Investors Service (Moody's), Standard and Poor's (S&P) gcfQ Ges Fitch Ratings-এর সঙ্গে বাংলাদেশের বৈদেশিক সহায়তার সর্বশেষ অবস্থা নিয়ে আলোচনা, ঋণের ধারণ ক্ষমতার স্থিতি সম্পর্কে তথ্য সরবরাহ।

সাচিবিক দায়িত্ব পালনঃ Standing Committee on Non-concessional Loan, First Track Project Monitoring Committee এবং First Track Project Monitoring Taskforce এর কার্যাবলী পরিপালনে সাচিবিক দায়িত্ব পালন।

বার্ষিক প্রকাশনাঃ ইআরডি হতে নিয়মিত প্রকাশিত Flow of External Resources into Bangladesh' শীর্ষক বার্ষিক প্রকাশনাটি সংকলন ও প্রকাশের সার্বিক কার্যাদি এ অনুবিভাগ হতে সম্পাদন করা হয়।

অন্যান্য কার্যাদিঃ প্রকল্প বাস্তবায়ন দ্রুততর করার লক্ষ্যে প্রকল্পের যথাযথ প্রস্তুতি নিশ্চিতকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের প্রস্তুতিমূলক কাজ সম্পাদনের নিমিত্ত ‘প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের অর্থ বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা এবং ‘প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের চেকলিষ্ট’ প্রণয়ন করা হয়েছে যা ইতোমধ্যে গেজেট আকারে প্রকাশিত এবং সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

বৈদেশিক সহায়তাপুষ্টি পাইপলাইন ও চলমান প্রকল্পসমূহ নিবিড় পরিবীক্ষণ এবং বৈদেশিক সহায়তার ব্যবস্থাপনা গতিশীল করার জন্য ফরেন এইড ম্যানেজমেন্ট সিস্টেম (FAMS) নামক একটি ওয়েব বেইজড এপ্লিকেশন সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে যার কার্যক্রম ইতোমধ্যে উদ্বোধন করা হয়েছে। আশা করা হচ্ছে এ সিস্টেমের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/এজেন্সিসমূহ অনলাইনে সংযুক্ত হবে এবং এর মাধ্যমে বৈদেশিক সহায়তার আহরণ, ছাড় ও ব্যবহার পর্যবেক্ষণ এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নসহ বৈদেশিক সহায়তার সার্বিক ব্যবস্থাপনা সহজতর হবে।